# সরাইল উপজেলা পরিষদ
## সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।

### উপজেলা পরিষদের জুন/২০২২ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ ও সময় ঃ ২৩/০৬/২০২২খ্রিঃ, সময় ঃ সকাল-১০:৩০ ঘটিকা।

সভাপতি ঃ জনাব রফিক উদ্দিন ঠাকুর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল।

**সভায় উপস্থিত / অনুপস্থিত সদস্যগণ ঃ পরিশিষ্ট "গ" তে দেখানো হয়েছে।**

সভার শুরুতেই সভাপতি জনাব রফিক উদ্দিন ঠাকুর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার মূল কার্যক্রম শুরু করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়াকে অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১. উপজেলা নির্বাহী অফিসার ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের মাসিক সভাটি উপজেলা পর্যায়ের গুরুত্বপূর্ণ সভা। সভা অনুষ্ঠানের পূর্বে কার্যপত্র প্রেরণের বিষয়ে বার বার বলা সত্ত্বেও বেশির ভাগ সদস্যই কার্য্যপত্র প্রেরণ করেন না। কার্য্যপত্র ছাড়া যথাযথভাবে সভা করা দূরুহ। মন্ত্রণালয়ের নির্ধারিত তারিখ মোতাবেক পরিষদের মাসিক সভা অনুষ্ঠান এবং সভা অনুষ্ঠানের পূর্বে আবশ্যিকভাবে কার্যপত্র সরবরাহ করার জন্য তিনি সকলকে নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রণালয়ের নির্ধারিত তারিখ মোতাবেক পরিষদের মাসিক সভা অনুষ্ঠান এবং সভা অনুষ্ঠানের পূর্বে আবশ্যিকভাবে কার্যপত্র সরবরাহ করার জন্য তিনি সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | সকল সদস্য |

০২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় করোনার প্রকোপ বৃদ্ধি পাচ্ছে। মাস্ক পরিধান সহ সতর্কতা অবলম্বনের জন্য সকলকে অনুরোধ করেন। বন্যার পানি কমার সাথে সাথে ডায়রিয়ার প্রকোপ বৃদ্ধি পেতে পারে। বর্তমান বন্যা পরিস্থিতিতে সার্বিক স্বাস্থ্য সেবা দানের লক্ষ্যে ৯ জন ডাক্তারের সমন্বয়ে কমিটি করা হয়েছে। এছাড়া কোভিড ১৯ ঠিকা প্রদান সহ প্রতিদিন জরায়ু ক্যান্সার নির্ণয় ইপিআই কার্যক্রম, উপস্বাস্থ্য কেন্দ্রের কার্যক্রম এবং কমিউনিটি ক্লিনিক সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জরুরী বিভাগ ও প্রসূতি কার্যক্রম ২৪ঘন্টা চলমান রয়েছে। | সকল কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

০৩. কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বর্তমান বন্যায় এছাড়া কৃষি প্রণোদনা প্রদান সহ বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, সরাইল। |

০৪. স্থানীয় সরকার বিভাগ (উপজেলা প্রকৌশলী) ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের এডিপি ও উন্নয়ন তহবিলের বরাদ্দের প্রকল্প কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০২১-২২ অর্থ বছরের প্রকল্প কাজ দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ১। উপজেলা প্রকৌশলী |

চলমান পাতা-০২

০৫. উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অনুপস্থিত | উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সরাইল। |

০৬. প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বর্তমান বন্যা পরিস্থিতিতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সংযোগ সড়কসমূহ পানিতে তলিয়ে যাওয়ার কারণে বিদ্যালয়ে যাতায়াত করা কষ্টকর হয়ে পড়েছে। এ ছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |

০৭. মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বর্তমান বন্যা পরিস্থিতির কারণে ২০২২ সালের এস.এস.সি. পরীক্ষা স্থগিত করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের নির্দেশনাক্রমে বন্যা দূর্গত এলাকার সকল শিক্ষা প্রতিষ্ঠান অস্থায়ী বন্যা আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছে। এছাড়া আইসিটি প্রশিক্ষণসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় জানান। | বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সরাইল। |

০৮. মৎস্য অধিদপ্তর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য চাষ বিষয়ক পরামর্শ প্রদানসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা। |

০৯. পরিবার পরিকল্পনা অধিদপ্তর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অনুপস্থিত | উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |

১০. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা)ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সমিতি গঠন, ঋণ দানসহ ঋণ আদায় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সরাইল। |

১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বর্তমান বন্যা পরিস্থিতিতে ক্ষতিগ্রস্তদের মধ্যে ত্রাণ বিতরণসহ প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্তদের বিষয়ে তাৎক্ষণিক তথ্য প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যান মহোদয়গণকে অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি জানান। | বর্তমান বন্যা পরিস্থিতিতে ক্ষতিগ্রস্তদের মধ্যে ত্রাণ বিতরণসহ প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

১২. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের বরাদ্দকৃত গভীর নলকূপ ও ইমপ্রুভ ল্যাট্রিন স্থাপন কাজ চলমান রয়েছে। উপজেলার বিভিন্ন আশ্রয়ন প্রকল্পে ০৬টি এবং উপজেলা পরিষদ কোর্য়াটারে ০১টি গভীর নলকূপ স্থাপন করা হয়েছে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সহায়ক চাঁদা বাবদ ৭০,০০০/- টাকা সংশ্লিষ্ট খাতে জমা প্রদানের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাকি রয়েছে। | উপজেলার বিভিন্ন আশ্রয়ন প্রকল্পে ০৬টি এবং উপজেলা পরিষদ কোর্য়াটারে ০১টি গভীর নলকূপ এর সহায়ক চাঁদা বাবদ ৭০,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সংশ্লিষ্ট খাতে জমা প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

১৩. যুব উন্নয়ন বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, প্রশিক্ষণ প্রদান, ঋণ আদায়সহ তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |

চলমান পাতা-০৩

১৪. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (উপজেলা সমবায় কর্মকর্তা) ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, সমবায়ীদের ভ্রাম্যমান প্রশিক্ষণ এবং প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান অব্যাহত রয়েছে। এছাড়া সমিতি গঠন, ঋণ প্রদান ও আদায় কার্যক্রমসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, সরাইল। |

১৫. সমাজ সেবা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, সকল প্রকার ভাতা যথাযথভাবে প্রদানসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা। |

১৬. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিজিডি কার্যক্রম, মাতৃত্বকালীন ভাতাসহ সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ শুরু হয়েছে। | প্রশিক্ষণ প্রদান, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |

১৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সরাইল ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বিভিন্ন ইউনিয়নের ভিজিডি'র বরাদ্দের মাল যথাসময়ে ডেলিভারী না নেয়ার কারণে গোডাউনে স্থান সংকুলান হচ্ছে না। দ্রুত ভিজিডির মালামাল ডেলিভারী নেয়ার জন্য সশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | ভিজিডির মালামাল দ্রুত ডেলিভারী নেয়ার জন্য সশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ |

১৮. পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | পল্লী দারিদ্র বিমোচন কর্মকত |

১৯. ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান যে, প্রশিক্ষণ কার্যক্রম সহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার উপজেলা প্রকৌশলী, সরাইল |

২০. সহকারী প্রোগ্রামার(আইসিটি) ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সহকারী প্রোগ্রামার(আইসিটি) সভায় জানান যে, ২দিনের ডি-নথি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার জন্য সকলকে অনুরোধ করেন। | সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান সহকারী প্রোগ্রামার(আইসিটি) |

২১. উপজেলা সমন্বয়কারী(ইউজিডিপি) ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা সমন্বয়কারী, ইউজিডিপি, ০৩টি অবকাঠামো উপ-প্রকল্প এবং ০৭টি সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে। অনুমোদন পাওয়া গেলে কার্যক্রম শুরু করা হবে। | দ্রুত অনুমোদনের বিষয়ে তদারকীর জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা উন্নয়ন সমন্বয়কারী(ইউজিডিপি) |

২২. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, সমিতি গঠন, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমসহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |

২৩. বিবিধ ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক) | উপজেলা প্রকৌশলী সভায় সরাইল উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরের বাজেট উপস্থাপন করেন। ইতোমধ্যে উপজেলা পরিষদের খসড়া বাজেটের উপর একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। প্রয়োজনীয় সংশোধনী আনয়ন পূর্বক উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থ বছরের বাজেট চূড়ান্ত করা হয়েছে। উক্ত বাজেট অনুমোদনের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে সরাইল উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরের চূড়ান্ত বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | সকল সদস্য |
| খ) | উপজেলা প্রকৌশলী সভায় সরাইল উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা উপস্থাপন করেন। ইতোমধ্যে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা-২০২২-২৩ এর উপর একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। প্রয়োজনীয় সংশোধনী আনয়ন পূর্বক উপজেলা পরিষদের "বার্ষিক উন্নয়ন পরিকল্পনা-২০২২-২৩" চূড়ান্ত করা হয়েছে। উক্ত "বার্ষিক উন্নয়ন পরিকল্পনা-২০২২-২৩" অনুমোদনের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে সরাইল উপজেলা পরিষদের "বার্ষিক উন্নয়ন পরিকল্পনা-২০২২-২৩" সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | সকল সদস্য |
| গ) | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের পরিচ্ছন্নতাকর্মী এবং মালী হিসেবে দুই জন লোক ৩০/০৫/২০২২ হতে ২৩/০৬/২০২২ খ্রি. পর্যন্ত ২২ (বাইশ) দিন কাজ করানো হয়েছে। ২২ (বাইশ) দিনের দৈনিক মজুরী বিল প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিচ্ছন্নতাকর্মী এবং মালীর ২২ (বাইশ) দিনের দৈনিক মজুরী বিল প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ঘ) | চেয়ারম্যান, কালীকচ্ছ সভায় জানান যে, ধর্মতীর্থ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সংকট। দ্রুত শিক্ষক পদায়নের জন্য তিনি উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | ধর্মতীর্থ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দ্রুত শিক্ষক পদায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ঙ) | চেয়ারম্যান, শাহবাজপুর সভায় জানান যে, বর্তমান বন্যায় শাহবাজপুর ইউনিয়নের বিভিন্ন এলাকা ক্ষতিগ্রস্ত হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্তদের ত্রাণ প্রদান সহ অনুদান প্রদানের জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করেন। | বন্যায় ক্ষতিগ্রস্থদের ত্রাণ প্রদান সহ অনুদান প্রদানের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| চ) | চেয়ারম্যান, সরাইল সদর ইউপি সভায় জানান যে, বিকাল বাজারের রাস্তার দু'পাশে সামান্য বৃষ্টিতেই পানি জমে দুর্ভোগের সৃষ্টি হয়। দ্রুত পানি নিষ্কাশনের উদ্যোগ গ্রহণের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | সরাইল বিকাল বাজারের রাস্তার দু'পাশে পানি নিষ্কাশনের উদ্যোগ গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী |
| ছ) | সভাপতি সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাস ভবনের আঙ্গিনা ও ওয়াকিং ওয়েতে ইট সলিং করণ, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের পেছনের আঙ্গিনা ইট সলিংকরণ ও উপজেলা পরিষদের পশ্চিমপার্শ্বের টিনের নিরাপত্তা বেস্টনী মেরামত/পূনঃনির্মাণ এবং উপজেলা পরিষদের ১ নং টিনশেড ভবন মেরামত করা একান্ত প্রয়োজন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাতের অর্থ দ্বারা উক্ত কাজ দ্রুত বাস্তবায়নের বিষয়ে তিনি সভায় প্রস্তাব করেন। | উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাস ভবনের আঙ্গিনা ও ওয়াকিং ওয়েতে ইট সলিং করণ, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের পেছনের আঙ্গিনা ইট সলিংকরণ ও উপজেলা পরিষদের পশ্চিমপার্শ্বের টিনের নিরাপত্তা বেস্টনী মেরামত/পূনঃনির্মাণ এবং উপজেলা পরিষদের ১ নং টিনশেড ভবন মেরামত করা একান্ত প্রয়োজন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাতের অর্থ দ্বারা উক্ত কাজ দ্রুত বাস্তবায়নের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

(রফিক উদ্দিন ঠাকুর)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
ফোন নং ঃ ০৮৫২৭-৫৬২৮৮

স্মারক নং ঃ সউপ/মাসিকসভা/২০২০/৭৪ (৪০)

তারিখ ঃ ২৩ জুন ২০২২
০৯ আষাঢ় ১৪২৯

অনুলিপি- সদয় অবগতির জন্য

০১। মাননীয় সংসদ সদস্য, ২৪৪ ব্রাহ্মণবাড়িয়া-২।

০২। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।

০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ব্রাহ্মণবাড়িয়া।

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।

অনুলিপি- অবগতি ও কার্যার্থে

০৫। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।

০৬। উপজেলা ------------------------------------------ অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।

০৭। চেয়ারম্যান, ----------------------------------------- ইউপি, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।

০৮। জনাব -------------------, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।

স্বাক্ষরিত

(মোঃ আরিফুল হক মৃদুল)
উপজেলা নির্বাহী অফিসার
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
ফোন ঃ ০৮৫২৭-৫৬০০৭
ই-মেইল ঃ unosarail@mopa.gov.bd

## পরিশিষ্ট “গ”

### সভায় উপস্থিত সদস্যগণ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রঃ নং | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব রফিক উদ্দিন ঠাকুর | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২. | জনাব মোঃ আরিফুল হক মৃদুল | উপজেলা নির্বাহী অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩. | জনাব মোঃ আবু হানিফ | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৪. | জনাব রোকেয়া বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৫. | জনাব মোঃ মোশারফ হোসেন | চেয়ারম্যান, অরুয়াইল ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৬. | জনাব মোঃ হুমায়ুন কবির | চেয়ারম্যান, চুন্টা ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৭. | জনাব মোস্তাফিজুর রহমান | চেয়ারম্যান, পানিশ্বর ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৮. | জনাব আব্দুল জব্বার | চেয়ারম্যান, সরাইল ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৯. | জনাব মোঃ ছায়েদ হোসেন | চেয়ারম্যান, কালিকচ্ছ ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১০. | জনাব মনসুর আহ্মেদ | চেয়ারম্যান, নোয়াগাঁও ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১১. | জনাব মোসাম্মৎ আছমা আক্তার | চেয়ারম্যান, শাহজাদাপুর ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১২. | জনাব খায়রুল হুদা চৌধুরী | চেয়ারম্যান, শাহবাজপুর ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৩. | জনাব কাউছার হোসেন | চেয়ারম্যান, পাকশিমুল ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৪. | জনাব ডাঃ মোঃ নোমান মিয়া | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৫. | জনাব মোঃ একরাম হোসেন | উপজেলা কৃষি কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৬. | জনাব মায়মুনা জাহান | উপজেলা মৎস্য কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৭. | জনাব মোঃ নুরুল ইসলাম | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৮. | জনাব নিলুফা ইয়াছমীন | উপজেলা প্রকৌশলী(এলজিইডি) এর কার্যালয় সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৯. | জনাব সহিদ খালিদ জামিল খান | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২০. | জনাব মোঃ আব্দুল আজিজ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২১. | জনাব জান্নাত সুলতানা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২২. | জনাব নাজমা বেগম | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৩. | জনাব মুকবুল হোসেন | উপ-সহঃ প্রকৌশলী(জনস্বাস্থ্য), সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৪. | জনাব মোঃ আবুল কালাম আজাদ | উপজেলা সমাজ সেবা অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৫. | জনাব মওদুদ আহম্মেদ | উপজেলা সমবায় কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৬. | জনাব কাজী আঃ মোমেন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৭. | জনাব মোঃ একরাম হোসেন | উপজেলা কৃষি কর্মকর্তা(ভারপ্রাপ্ত), সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৮. | জনাব রঞ্জন ভৌমিক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৯. | জনাব মোঃ আশরাফুল ইসলাম | উপ-সহঃ প্রকৌশলী (সওকা), বিএডিসি, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩০. | জনাব মোঃ শাকিল আহমেদ | সহকারী প্রোগ্রামার, আইসিটি, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩১. | জনাব মোঃ মমিনুল ইসলাম | উপজেলা সমন্বয়কারী(ইউজিডিপি) |
| ৩২. | জনাব মোঃ শাহজাহান | উপজেলা বন কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩৩. | জনাব মোঃ আব্দুছ ছালাম | উজেলা খাদ্য নিয়ন্ত্রক, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩৪. | জনাব রাজ কুমার শীল | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩৫. | জনাব মোহাম্মদ আজমত উল্লাহ খান | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |

### অনুপস্থিত সদস্যগণ (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

| ক্রঃ নং | নাম | পদবী |
|---|---|---|
| ৩৬. | মোসাম্মৎ বিউটি আক্তার | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩৭. | জনাব ড. মোঃ জাহাঙ্গীর আলম | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩৮. | জনাব মোঃ সুমন মিয়া | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |